



প্রবাসী কল্যাণ ব্যাংক

ফরিদপুর আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।

সুফিয়া টাওয়ার (২য় তলা), আলীমুজ্জামান সড়ক, আলীপুর, ফরিদপুর

ফোনঃ ০৬৩১৬৫২৫৫, মোবাইল:-০১৩৩২-৫৪১২৬৬, website: www.pkb.gov.bd email:- faridpurzone@pkb.gov.bd

স্মারক নং- ৫৩.১৬.২৯৪৭.০০০.০২.০০১.২৫.২১৬

তারিখঃ ০৩.০৬.২০২৫ইং

অফিস আদেশ

বিষয়ঃ ফরিদপুর আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন সকল শাখার নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সরকার কর্তৃক ঘোষিত এবং বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা মোতাবেক আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে আগামী ০৫-০৬-২০২৫ তারিখ হতে ১৪-০৬-২০২৫ তারিখ পর্যন্ত মোট ১০ (দশ) দিন অত্র ব্যাংকের প্রধান কার্যালয় সহ সকল শাখা বন্ধ থাকবে বিধায় ছুটিকালীন সময়ে আঞ্চলিক কার্যালয়/ ফরিদপুর অঞ্চলের সকল শাখাকে নিরাপত্তা নিশ্চিতকরণে প্রধান কার্যালয়ের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালন করার জন্য সকল শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।

বিশেষকরে, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়ের মানব সম্পদ ও কল্যাণ বিভাগের স্মারক নং: ৫৩.১৬.২৬৬৬.৯০৭.১৮.০০১.২১-৭৪২, তারিখ: ১৫.০৫.২০২৫ ইং অফিস আদেশের অনুচ্ছেদ (ঘ) মোতাবেক (ঘ) যে সকল (আঞ্চলিক/শাখা) কার্যালয়ে একাধিক নিরাপত্তা প্রহরী পদায়ন করা সম্ভব হয়নি, সে সকল কার্যালয়ে রাত্রিকালীন নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এছাড়াও বন্ধের দিন শাখার কর্মকর্তাদের আকস্মিক পরিদর্শনে যাওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুরোধক্রমে,

(মোঃ শাহীন কবীর)

সহকারী মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।

মোঃ শাহীন কবীর
সহকারী মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান
প্রবাসী কল্যাণ ব্যাংক
ফরিদপুর অঞ্চল

বিতরণ ও কার্যার্থে:


- সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণ, ফরিদপুর অঞ্চল, প্রবাসী কল্যাণ ব্যাংক।
- অফিস কপি।



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০
www.pkb.gov.bd



মানব সম্পদ ও কল্যাণ বিভাগ

নং-৫৩.১৬.২৬৬৬.৯০৭.১৮.০০১.২১-৭৪২.

তারিখ: ১৫.০৫.২০২৫

অফিস আদেশ

বিষয়: **অত্র ব্যাংকের কার্যালয়সমূহের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

অত্র ব্যাংকের কার্যালয়সমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

ক) যে সকল কার্যালয়সমূহে পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী নিয়োজিত রয়েছে, সে সকল কার্যালয়ে রোস্টারিং এর মাধ্যমে দায়িত্ব প্রদানপূর্বক কার্যালয়ের নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

খ) যে সকল কার্যালয় (আঞ্চলিক/শাখা) সমূহে পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী নেই, সে সকল কার্যালয়ে রাত্রিকালীন নিরাপত্তার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনায় নিতে হবে;

গ) সাপ্তাহিক ও সরকারি বিশেষ ছুটির দিনে কার্যালয়/শাখার নিরাপত্তার বিষয়টি বিশেষ গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। এ ক্ষেত্রে, ব্যাংকের স্ব স্ব কার্যালয়ের কর্মকর্তাগণ কর্তৃক (বিশেষ নির্দেশনা জারির মাধ্যমে) আকস্মিক ভিত্তিতে পরিদর্শনপূর্বক কার্যালয়/শাখার নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে হবে;


ঘ) যে সকল (আঞ্চলিক/শাখা) কার্যালয়ে একাধিক নিরাপত্তা প্রহরী পদায়ন করা সম্ভব হয়নি, সে সকল কার্যালয়ে রাত্রিকালীন নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এরূপ ক্ষেত্রে, সংশ্লিষ্ট কার্যালয়ের নিরাপত্তা প্রহরীর অসুস্থতা বা ছুটিকালীন সময়ে, অঞ্চল প্রধানের পরামর্শ/অনুমোদনক্রমে, একই অঞ্চলের আওতাধীন পর্যাপ্ত নিরাপত্তা প্রহরীসংবলিত অন্য কোনো কার্যালয় হতে অস্থায়ীভাবে সংযুক্তি প্রদান করা যাবে;

ঙ) সাপ্তাহিক বা সরকারি বিশেষ ছুটির সময়ে দায়িত্ব পালনের জন্য নিরাপত্তা প্রহরীগণ বিধি মোতাবেক সুবিধাদি প্রাপ্য হবেন;

চ) কার্যালয়/শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে স্থানীয় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/প্রশাসনের টেলিফোন বা মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে; এবং

ছ) বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন হচ্ছে কি না তা অঞ্চল প্রধানগণ শাখা পরিদর্শনের সময় নিশ্চিত হবেন।

২। উক্ত বিষয়টি সকল অফিস প্রধানগণকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। এ নির্দেশনার ব্যত্যয়জনিত কারণে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে তার দায়ভার সংশ্লিষ্ট অফিস প্রধানের উপর বর্তাবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

১৫.০৫.২০২৫
(মোহা: মাহবুবুল ইউনুস)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। বিভাগীয় (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

২। অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক; এবং

৩। শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক।

৪। ব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৫। উপব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৬। মহাব্যবস্থাপক (সকল) এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মহাব্যবস্থাপকগণের সদয় অবগতির জন্য); এবং

৭। অফিস কপি।